বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
পরিচালন ও সংরক্ষণ সার্কেল-১
বিউবো, ময়মনসিংহ
Email:seoandmpdbmymn@yahoo.com



স্মারক নং-২৭.১১.৬১০০.৭৭৬.০৩.০২৫.২৬-৫৩৬

তারিখঃ ২৩.১১.২০২৬খ্রি.

শিক্ষক আবশ্যক

এই মর্মে জানানো যাইতেছে যে, সম্পূর্ণ অস্থায়ী 'দৈনিক সম্মানী অথবা নির্ধারিত বেতন" ভিত্তিতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর আওতাধীন বিউবো মাধ্যমিক বিদ্যালয়, কেওয়াটখালী, ময়মনসিংহে নিম্নবর্নিত পদে জনবল নিয়োজন করা হইবেঃ

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সহকারী প্রধান শিক্ষক	১টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক/সমমান ও বিএড/সমমান সহ মাউশি অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ে ১০(দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। অথবা স্নাতকোত্তরসহ মাউশি অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ে ৬(ছয়) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।
২.	সহকারী শিক্ষক (স্নাতক) প্রাথমিক শাখা	১টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাংলা/ইংরেজি/গনিত/পদার্থ/রাসায়ন/জীব বিজ্ঞান বিষয়ে স্নাতক। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৩.	ল্যাবরেটরী সহকারী	১টি	এইচএসসি (বিজ্ঞান)। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

শর্তাবলীঃ

(ক) আবেদনের শেষ তারিখ ১৪-১২-২০২৬খ্রি. এবং প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

(খ) প্রার্থীদের এস.এস.সি এবং এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় ২য় বিভাগ/জি.পি.এ-৫ স্কেলের ক্ষেত্রে নূন্যতম ৩.৫০ সিজিপিএ এবং স্নাতক/ স্নাতকোত্তর/ বিএড পরীক্ষায় ২য় বিভাগ/ ন্যূনতম ২.৫০ সিজিপি থাকিতে হইবে।

ক্রমিক নং (১) পদের জন্য স্নাতকোত্তর ডিগ্রিধারীদের চাকরি প্রাপ্তির ৩(তিন) বছরের মধ্যে বাধ্যতামূলকভাবে বি.এড. সার্টিফিকেট জমা দিতে হবে, অন্যথায় নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।

(গ) ক্রমিক নং ১ পদে বয়স সীমা সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) বছর হইবে । ক্রমিক নং ২ ও ৩ পদে ১৪-১২-২০২৬খ্রি. তারিখে বয়সসীমা সর্বোচ্চ ৩৫ (পঁয়ত্রিশ) বছর হইবে এবং কোন প্রকার এফিডেভিট গ্রহনযোগ্য হইবে না।

(ঘ) দুই কপি ছবি, জাতীয় পরিচয়পত্র এবং নম্বরপত্রসহ সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, মোবাইল নম্বর ও ই-মেইলসহ জীবন বৃত্তান্ত সদস্য-সচিব, নিয়োজন কমিটি, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, পরিচালন ও সংরক্ষণ সার্কেল-১, কেওয়াটখালী, বিউবো, ময়মনসিংহ বরাবর ১৪-১২-২০২৬খ্রি তারিখের মধ্যে ডাক/কুরিয়ার যোগে পৌছাইতে হইবে। কোনক্রমেই সরাসরি বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকে বাতিল করা হইবে।

(ঙ) খামের উপরে আবেদনকৃত পদের নাম অবশ্যই লিপিবদ্ধ করিতে হইবে।

(চ) বিউবো মাধ্যমিক বিদ্যালয়, কেওয়াটখালী, ময়মনসিংহ হিসাব নং-৩৩২১৭০২০০০৫২৭, রাউটিং নং-২০০৬১০৩৪০, সোনালী ব্যাংক পিএলসি, বীণা শাখা, ময়মনসিংহ এর অনুকুলে ৪০০/- টাকা জমা করে স্লিপ আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(ছ) ই-মেইলের মাধ্যমে লিখিত পরীক্ষার তারিখ ও সময় আবেদনকারীকে অবহিত করা হইবে এবং একই দিনে লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হইবে। মৌখিক পরীক্ষার সময় দাখিলকৃত সকল কাগজের মুলকপি প্রদর্শন করিতে হইবে।

(জ) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না। নিয়োজনের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(ঝ) নির্বাচিত প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় "কমপক্ষে ৩ (তিন) বছর চাকরি করিবেন" মর্মে নোটারি পাবলিক কর্তৃক সম্পাদিত হলফনামা দাখিল করিতে হইবে।

বিদ্যুৎ/জন- ৪১১ (২৬/১১/২৬

নির্দেশক্রমে

২৩.১১.২৬

(মোহাম্মদ সারোয়ার আলম)
সদস্য-সচিব (নিয়োজন কমিটি)

সত্যায়িত

২৩/১১/২৬

মোঃ মনিরুজ্জামান
পরিচিতি নং-০৮-০০০৭
উপ-পরিচালক (জনসংযোগ)
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

CamScanner